

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ  
ইনোভেশন টিম

বিষয়ঃ ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

সভাপতি	ড. কাজী আনোয়ারুল হক অতিরিক্ত সচিব
সভার তারিখ	১৯ আগস্ট ২০১৮
সভার সময়	সকাল ১১:০০ টা
স্থান	রুম নং-০৭, রুম নং-১৫, (জাতিসংঘ অনুবিভাগ কনফারেন্স রুম) ইআরডি
উপস্থিতি	সংযোজনী-ক


অর্থনৈতিক সম্পর্ক বিভাগের ইনোভেশন টিমের সভা চিফ ইনোভেশন অফিসার ও অতিরিক্ত সচিব ড. কাজী আনোয়ারুল হক এর সভাপতিত্বে গত ১৯/০৮/২০১৮ তারিখে অনুষ্ঠিত হয়। সভাপতি পুনর্গঠিত টিমের নতুন সদস্যসহ সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতঃপর সভাপতি সদস্য সচিবকে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ বাস্তবায়ন অগ্রগতির আলোচনা করার জন্য অনুরোধ করেন। কমিটির সদস্য সচিব, এ বিভাগের সিনিয়র সিস্টেমস এনালিস্ট জনাব মোঃ আবদুস ছোবহান সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশন অনুযায়ী ইআরডি'র জন্য উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ প্রণয়ন করা হয়েছে এবং তা মন্ত্রিপরিষদ বিভাগে যথা সময়ে প্রেরণ করা হয়েছে। উক্ত কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য ইনোভেশন বাজেট ২০১৮-২০১৯ তৈরী করে প্রশাসন ও মধ্যপ্রাচ্য অনুবিভাগ এ প্রেরণ করা হয়।

২। অতঃপর পর্যায়ক্রমে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	ক) আগামী ১৯-২০ সেপ্টেম্বর ২০১৮ এবং ২৬-২৭ অক্টোবর ২০১৮ দুই দিনের Managing Change for Innovation শীর্ষক প্রশিক্ষণ আয়োজন করা হবে; খ) উক্ত প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক বিষয়ক উপদেষ্টা ড. গওহর রিজভী-কে যথাক্রমে প্রধান অতিথি, মন্ত্রিপরিষদ বিভাগের সচিব (সমন্বয় ও সংস্কার) জনাব এন এম জিয়াউল আলম-কে বিশেষ অতিথি এবং অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব কাজী শফিকুল আযম কে সভাপতি হিসেবে আমন্ত্রণ জানানো হবে; গ) K4DM প্রকল্প, ইআরডি এর আর্থিক সহযোগিতায় প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ জানানো হবে; ঘ) Managing Change for Innovation শীর্ষক প্রশিক্ষণ কার্যক্রমের উদ্বোধন অনুষ্ঠান প্রচারের জন্য ভিডিও করতে হবে।	K4DM প্রকল্প ও ইনোভেশন টিম

নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.	ক) আগামী ১১, ২৫ ও ৩১ অক্টোবর ২০১৮ তারিখে তিনটি এক দিন ব্যাপী কর্মশালা অনুষ্ঠিত হবে। খ) ইআরডি এর রাজস্ব খাতের আর্থিক সহযোগিতায় প্রশিক্ষণ তিনটি বাস্তবায়িত হবে।	K4DM প্রকল্প ও ইনোভেশন টিম
৩.	প্রিন ইনোভেশনঃ ক) কর্মকর্তাদের প্লাস্টিক বর্জনে উৎসাহিত করা; খ) এনইসি২ অডিটরিয়ামে পানি পরিশোধন ব্যবস্থা সংস্কারসহ পেপার গ্লাস সরবরাহ করা হবে।	প্রশাসন অধিশাখা
৪.	ইআরডিতে কর্মকর্তা/কর্মচারীদের বিদ্যুৎ এর সশ্রয়ী ব্যবহার সংক্রান্ত প্লেকার্ড টানানো।	প্রশাসন অধিশাখা
৫.	স্থায়ী কর্মকর্তা/কর্মচারীর পেনশনের তালিকা ব্লাড গ্রুপসহ প্রকাশ (ডাটাবেজ) করা হবে।	প্রশাসন অধিশাখা ও আইসিটি সেল
৬.	মোবাইলে গ্রুপ মেসেজ প্রেরণের জন্য প্যাকেজ ক্রয় করা হবে।	প্রশাসন অধিশাখা ও আইসিটি সেল
৭.	ইনোভেশন টিমের পরবর্তী সভায় এ বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের স্বাস্থ্য বিমা সংক্রান্ত একটি প্রস্তাব উপস্থাপনার ব্যবস্থা করা হবে।	জনাব নূর আহমেদ, উপসচিব, জাতিসংগ-৫ অধিশাখা, ইআরডি
৮.	২য় শ্রেণীর কর্মকর্তাদের কাজের পারফর্মেন্স (ই-ফাইলিং) এবং বিভিন্ন প্রশিক্ষনে অর্জিত ফলাফল বিবেচনা করে মনোনয়ন প্রদান করা হবে।	আইসিটি সেল ও প্রশাসন-২ শাখা

৩। সভায় আর কিছু আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
 ড. কাজী আনোয়ারুল হক  
 চিফ ইনোভেশন অফিসার ও  
 অতিরিক্ত সচিব  
 (জাতিসংঘ অনুবিভাগ প্রধান)